দৈনিক সংবাদ

তারিখ 0 1 APR 1998

পৃষ্ঠা 2 কলাম ১

88

# শিক্ষা সচিবের সাথে শিক্ষকদের সমস্যা নিয়ে আলোচনা

সহকারী শিক্ষকদের প্রথম শ্রেণীর পদমর্যাদা প্রদান, স্বতন্ত্র মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর স্থাপন, নিয়ম বহির্ভূতভাবে খুলনা ও বরিশাল অঞ্চলের উপ-পরিচালক পদে লোক নিয়োগ করাসহ শিক্ষকদের বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনার জন্য শিক্ষক সমিতির একটি প্রতিনিধিদল রোববার শিক্ষা সচিব কাজী রকিব উদ্দিন আহমদের সাথে সাক্ষাৎ করেন। প্রতিনিধিদলটি সচিবকে একটি স্মারক-লিপিও প্রদান করে। বাংলাদেশ সরকারি মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি মতিউর রহমান ও মহাসচিব মোঃ শামসুল হক প্রতিনিধিদলের নেতৃত্ব দেন। খবর সংবাদ বিজ্ঞপ্তির।